# সারাদেশে নানা কর্মসূচিতে খালেদা জিয়ার জন্মবার্ষিকী উদযাপন



ছবি: সংগৃহীত

সাবেক প্রধানমন্ত্রী ও বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়ার ৮২তম জন্মবার্ষিকী উপলক্ষে রাজধানী ঢাকাসহ দেশের বিভিন্ন এলাকায় নানা কর্মসূচি পালন করেছে বিএনপি ও দলটির অঙ্গসংগঠনের নেতাকর্মীরা। এসব আয়োজনে দোয়া ও মিলাদ মাহফিল, আলোচনা সভা এবং জনসেবামূলক বিভিন্ন কার্যক্রম ছিল।

শনিবার (১৫ আগস্ট) সকালে নয়াপল্টনে বিএনপির কেন্দ্রীয় কার্যালয়ে খালেদা জিয়ার জন্মবার্ষিকী উপলক্ষে দোয়া ও মিলাদ মাহফিল অনুষ্ঠিত হয়। এ সময় দলের নেতাকর্মীরা তার সুস্থতা ও রুহের মাগফিরাত কামনা করে বিশেষ দোয়া করেন।

ঢাকা মহানগর উত্তর বিএনপির উদ্যোগে রাজধানীর বিভিন্ন এলাকায় জলাশয় পরিষ্কারের কর্মসূচিও পালন করা হয়। আয়োজকরা জানান, খালেদা জিয়ার রুহের মাগফিরাত কামনার পাশাপাশি জনকল্যাণমূলক কাজের অংশ হিসেবেই এ কর্মসূচি নেওয়া হয়েছে। একই সঙ্গে পরিচ্ছন্নতা নিয়ে প্রধানমন্ত্রী তারেক রহমানের নির্দেশনাও বাস্তবায়ন করা হচ্ছে বলে জানান তারা।

LENS ASIA

রাজধানীর বাইরে দেশের বিভিন্ন জেলাতেও দিনটি উপলক্ষে কর্মসূচি পালন করেন বিএনপির নেতাকর্মীরা।

মুন্সীগঞ্জ সদর উপজেলায় আয়োজিত দোয়া মাহফিলে বিএনপির স্থানীয় নেতাকর্মীদের পাশাপাশি শিক্ষক, শিক্ষার্থীসহ বিভিন্ন শ্রেণি-পেশার মানুষ অংশ নেন। খুলনায় মহানগর বিএনপির উদ্যোগে দলীয় কার্যালয়ে দোয়া মাহফিল অনুষ্ঠিত হয়।

এ ছাড়া গোপালগঞ্জের কোটালীপাড়া শিল্পকলা একাডেমি প্রাঙ্গণে খালেদা জিয়ার জন্মবার্ষিকী উপলক্ষে আলোচনা সভার আয়োজন করা হয়। দেশের অন্যান্য স্থানেও স্থানীয়ভাবে দোয়া, মিলাদ ও আলোচনা সভাসহ বিভিন্ন কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে।